

যায়যায়দিন

তারিখ ০৪ JUL 2007 ...
পৃষ্ঠা ৫ ভাগ ২

৫২
ফিফথ

জগন্নাথ ইউনিভার্সিটির বাজেট পাস

জগন্নাথ ইউনিভার্সিটি রিপোর্টার



ভাস্কর

জগন্নাথ ইউনিভার্সিটি
সিভিকিটেটের অষ্টম
সভায় গত বৃহস্পতি-
বার ইউনিভার্সিটির
২০০৭-০৮ অর্থ
বছরের জন্য ১৩
কোটি ২০ লাখ টাকার
বাজেট পাস করা

হয়েছে। ইউনিভার্সিটির ডিসি ড. সিরাজুল
ইসলাম খানের সভাপতিত্বে টেক্সটার
প্রফেসর ড. আবু হোসেন সিদ্ধিক
সিভিকিটেট সভায় চলতি অর্থ বছরের বাজেট
উপস্থাপন করেন। ইউনিভার্সিটি সূত্রে জানা
যায়, সিভিকিটেটে পাস করা বাজেটটি
ইউজিসিতে অনুমোদনের জন্য পাঠানো
হয়েছে।

উল্লেখ্য, ১৩ কোটি ২০ লাখ টাকার
বাজেটের সংহত ১২ কোটি টাকা দেবে
ইউনিভার্সিটি গ্র্যান্ডস কমিশন (ইউজিসি)
এবং অবশিষ্ট ১ কোটি ২০ লাখ টাকা
ইউনিভার্সিটির অভ্যন্তরীণ আয় থেকে

পাওয়া যাবে। বাজেটের শতকরা ৮০ ভাগ
ইউনিভার্সিটির শিক্ষক-কর্মচারীর বেতন
জাতীয় খরচ হবে।

অন্যদিকে ইউনিভার্সিটির ৩০ হাজার
ছাত্রছাত্রীর জন্য গবেষণা, কেমিক্যালস,
যন্ত্রপাতি, প্রকাশনা ও জার্নাল, শিক্ষক
প্রশিক্ষণ, ছাত্রছাত্রীদের সুযোগ-সুবিধা ও
লাইব্রেরিসহ অন্যান্য শিক্ষা সহায়ক খাতে
বরাদ্দ রাখা হয়েছে মাত্র ৩০ লাখ টাকা।
বিগত অর্থ বছরে এ খাতে বরাদ্দের পরিমাণ
ছিল ৬০ লাখ টাকা।

এ ব্যাপারে ইউনিভার্সিটির টেক্সটার ড.
প্রফেসর আবু হোসেন সিদ্ধিক বলেন, এ
নয় বাজেট দিয়ে আশা করি চলে যাবে।
এরপরও যদি ঘাটতি দেখা যায় তবে আমরা
ইউজিসিকে সম্পূর্ণ বাজেট দেবো। তিনি
আরো বলেন, ১৩ কোটি ২০ লাখ টাকা
ছাড়াও উন্নয়ন এবং সংস্কারের জন্য সরকার
ইউনিভার্সিটিকে আরো ৩৩ কোটি টাকার
একটি বাজেট দিয়েছে। এটা দিয়ে ২০ তম
বহুতল ভবন নির্মাণসহ বিভিন্ন সংস্কার কাজ
ইতিমধ্যে শুরু করা হয়েছে।